# ২৪তমকানাগাওয়া বায়েনিয়াল ওয়ার্ল্ড চিলড্রেনস আর্ট এক্সিবিশন

আবেদনের জন্য ঘোষণা

বিষয়

নিজের পছন্দ অনুযায়ী বিষয় নির্বাচন করে ছবি আকা যাবে।

আবেদনের সময়

১লা সেপ্টেম্বর ২০২৬(2026) (মঙ্গলবার) থেকে ৩০ই নভেম্বর ২০২৬(2026) (সোমবার) পর্যন্ত

**(১) আবেদনের যোগ্যতা**

☑ কানাগাওয়া প্রিফেকচারের বাসিন্দা বা কানাগাওয়া প্রিফেকচারে অবস্থিত বিদ্যালয়ের শিক্ষার্থী।

☑ জাপানে অবস্থিত বিদেশী স্কুলের শিক্ষার্থী।

☑ জাপানের বাইরে বসবাসকারী।

◎ বয়স সীমা

১লা সেপ্টেম্বর ২০২৬(2026) পর্যন্ত যারা ৪(4)থেকে ১৫ বছর বয়সী সেই শিশুদের জন্য উন্মুক্ত।

(যাদের জন্ম ২রা সেপ্টেম্বর ২০১০ এবং ১লা সেপ্টেম্বর ২০২২ এর মধ্যে)

**(২) চিত্রকর্ম প্রস্তুত করা।**

◎ বিষয়ঃ নিজের পছন্দ অনুযায়ী।

◎ পেইন্টিং এর মাধ্যমঃ জলরঙ, তেল রং, ক্রেয়ন, প্যাস্টেল, কোলাজ ইত্যাদি।

◎ আকারঃ

・কোয়ার্টো সাইজ বা ৩৮সেমি ×৫৪সেমি (38㎝×54㎝) এর মধ্যে।

・ক্যানভাসের আকার: F8 এর চেয়ে কম ৩৮সেমি ×৫৪সেমি (38㎝×54㎝)

◎ এন্ট্রি সংখ্যা: জনপ্রতি একটি এন্ট্রি। একজন একটি করে আবেদন করতে পারবে। একজন একটির বেশী আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য করা হবে। আবেদনের পরে কোন পরিবর্তন গ্রহণযোগ্য হবে না

◎ দ্বি-মাত্রিক চিত্রকর্ম

◎ আবেদনকারীর নিজের নতুন চিত্রকর্ম।

◎ যা অন্যকোন প্রতিযোগিতায় উপস্থাপন করা হয়নি।

**□ যা আবেদন যোগ্য নয়।**

· ফ্রেমযুক্ত কাজ।

・সহজে ভেঙে যায় এমন অসম পৃষ্ঠের কাজ বা পুরুত্ব ১সেন্টিমিটারের বেশি।
・অন্য কারো সঙ্গে বা সহযোগিতার মাধ্যমে আঁকা ছবি কিংবা সিরিজ পেইন্টিং।
・কম্পিউটার বা ডিজিটাল ডিভাইস দিয়ে গ্রাফিক ডিজাইন, কৃত্রিম বুদ্ধিমত্তা বা AI দিয়ে আঁকা ছবি ইত্যাদি ।
・মাটি, বালি, খাদ্য, গাছপালা, এবং পশু পণ্য অন্তর্ভুক্ত কাজ।

**(৩) প্রয়োজনীয় কাগজপত্র প্রস্তুত করা!**

ধাপ ১: ওয়েবসাইট অ্যাক্সেস করুন এবং "আবেদন ফর্ম A" এবং "আবেদন ফর্ম B" প্রিন্ট করুন।
https://kanagawabiennial.jp/en/callforentries
ধাপ ২: "আবেদন ফর্ম A" তে প্রয়োজনীয় তথ্য পূরণ করুন । "আবেদন ফর্ম A" এবং ঠিকানা স্লিপ কেটে আলাদা করুন। "আবেদন ফর্ম" A পেইন্টিং এর পিছনে এবং ঠিকানা স্লিপ পার্সেল এর প্যাকেট এর উপরে পেস্ট করুন। ঠিকানা স্লিপ এবং "আবেদন ফর্ম A" ENGLISH ব্লক ক্যাপিটাল লেটার এ পূরণ করুন।
ধাপ ৩: "আবেদন ফর্ম B"-তে প্রয়োজনীয় তথ্য পূরণ করুন এবং এটি আপনার আঁকা পেইন্টিং এর সাথে প্রেরণ করুন ।(গ্রুপ আবেদনের সময় পার্সেল এর প্যাকেট একটি এবং আবেদনকারীর সংখ্যা ১ থেকে ১০ জন হলে "আবেদন ফর্ম B একটিই যথেষ্ট কিন্তু ১০ জন এর বেশী হলে ফর্ম এর নিচে _of_ লেখা স্থানে পেজ নাম্বার লিখুন এবং প্রযোজন অনুযায়ী"আবেদন ফর্ম B" যুক্ত করুন)।
"আবেদন ফর্ম A" এবং "আবেদন ফর্ম B" উভয়ই প্রয়োজনীয় ডকুমেন্ট! শুধু একটা দিয়ে আবেদন গ্রহনযোগ্য নয় তাই উভয়ই প্রেরণ করুন।
ধাপ ৪: খামটির উপর "NO COMMERCIAL VALUE" ইংরেজিতে লিখুন

**(৪) পাঠানোর মাধ্যমঃ কিভাবে পেইন্টিং পাঠাবেন ?**

সময়কাল: ০১/০৯/২০২৬ (মঙ্গল) - ৩০/১১/ ২০২৬ (সোম)
শুধুমাত্র ডাক দ্বারা: প্রেরক নিজে প্রেরণের সকল খরচ বহন করবে।
প্রেরিত পার্সেল গ্রহণের সময়ঃ আর্থ প্লাজার কর্মঘন্টা সকাল ৯টা থেকে ৫টার মধ্যে (9am-5pm)

প্রেরনের ঠিকানাঃ
Kanagawa Biennial World Children's Art Exhibition
Kanagawa Plaza for Global Citizenship (Earth Plaza)
1-2-1 Kosugaya, Sakae-ku, Yokohama, Kanagawa-pref. 247-0007 JAPAN
টেলিফোন: +81-45-896-2121

**(৫) ফলাফলের জন্য অপেক্ষা।**
২০২৭সালের মার্চ মাসের শুরুতে আমাদের ওয়েবসাইটে ফলাফল দেখা যাবে।
（https://kanagawabiennial.jp/en/）
জাপানে অবস্থিত অভ্যন্তরীণ আবেদনকারীদেরকে ২০২৭ সালের মার্চের মাঝামাঝি সময়ের মধ্যে জানানো হবে।
ব্যক্তিগত আবেদন: বেক্তিগত ঠিকানায় প্রেরন কারা হবে।
গ্রুপ অ্যাপ্লিকেশন （স্কুল, আর্ট স্কুল, ইত্যাদি থেকে）: আপনি যে সংস্থার সাথে যুক্ত হয়ে আবেদন করছেন সেই সংস্থার ঠিকানা তে পাঠানো হবে৷
বিদেশে অবস্থানরত আবেদনকারীদের সাথে ২০২৭ সালের এপ্রিল মাসের মাঝামাঝি সময়ের মধ্যে ইমেইলের মাধ্যমে যোগাযোগ করা হবে।

○ সতর্কতা নির্দেশিকা
সংগঠক জমা দেওয়া চিত্রকর্মের ক্ষতি, চুরি বা নষ্ট হওয়ার জন্য দায়ী থাকবেন না, শুধুমাত্র সংগঠকের ইচ্ছাকৃত অসাবধানতা বা অবহেলার ক্ষেত্রে ব্যতীত।
○ শিল্পকর্ম ফেরত প্রদান
・জাপানের অভ্যন্তরীণ আবেদনসমূহ: ফলাফলের ঘোষণার এক বছরের মধ্যে শিল্পকর্ম ফেরত প্রদানের অনুরোধ করলে, আমরা আপনার চিত্রকর্ম ফিরিয়ে দেব। (পরিবহন খরচ আবেদনকারী নিজে বহন করবেন)
・বিদেশে অবস্থানরত আবেদনসমূহ: ফিরিয়ে দেওয়া হবে না।
・যেসব অভ্যন্তরীণ বা আন্তর্জাতিক আবেদন ফেরতের জন্য অনুরোধ করা হয়নি, সেই চিত্রকর্মের মালিকানা সংগঠকের কাছে থাকবে।
আয়োজকের কাছে জমা দেওয়া কাজগুলো চিত্রকলার মাধ্যমে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি করার প্রকল্পে ব্যবহার করা হবে এবং নির্দিষ্ট সময় পর সেগুলো ফেলে দেওয়া হবে।
○ বিজয়ী এন্ট্রি
・বিজয়ী এন্ট্রি ব্যবহার করার সময়, শিল্পীর নাম, বয়স এবং পৌরসভা প্রকাশ করা হবে।
・কোনো পরিস্থিতিতেই বিজয়ীদের জাপানে আমন্ত্রণ জানানোর বা বিদেশে প্রেরণের কোনো ব্যবস্থা করা হবে না।
○ ব্যক্তিগত তথ্যের ব্যবহার
এই শিশুদের চিত্রকর্ম প্রদর্শনীর জন্য আবেদনকারীদের জমা দেওয়া কাজসমূহ (ছবিসহ) এবং এন্ট্রি ফর্মে প্রদত্ত ব্যক্তিগত তথ্য কানাগাওয়া প্রিফেকচারাল কানাগাওয়া প্লাজা ফর গ্লোবাল সিটিজেনশিপ এর নির্ধারিত ব্যবস্থাপক জাপান ওভারসিজ কোঅপারেটিব অ্যাসোসিয়েশন (JOCA)-এর **"ব্যক্তিগত তথ্য সংরক্ষণ নীতি"** অনুযায়ী পরিচালিত হবে।
তদুপরি, আবেদনকারীরা কানাগাওয়া প্রিফেকচারের কাছে অনুমতি দেন যে, এই শিশুদের চিত্রকর্ম প্রদর্শনীর উদ্দেশ্যসমূহের সীমার মধ্যে, তাদের কাজগুলি ক্যাটালগ, ওয়েবসাইট, সোশ্যাল মিডিয়া, বিভিন্ন মুদ্রিত উপকরণ, প্রদর্শনী ইত্যাদিতে প্রকাশ, পুনরুৎপাদন, প্রদর্শন, জনসমক্ষে

সম্প্রচার এবং প্রদর্শনের জন্য বিনামূল্যে ব্যবহৃত হতে পারে। (এই অধিকার তৃতীয় পক্ষকে সাবলাইসেন্স দেওয়ার অধিকারসহ)

**জাপান ওভারসিজ কোঅপারেটিব অ্যাসোসিয়েশন** (JOCA) **ব্যক্তিগত তথ্য সংরক্ষণ নীতি**

https://www.joca.or.jp/privacy/kojinjoho.html